

প্রোফাইল



নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব জনাব এস এম শফিক বিসিএস প্রশাসন ক্যাডারের ২৪ ব্যাচের কর্মকর্তা। ২০০৫ সালের ২ জুলাই সহকারী কমিশনার পদে বিভাগীয় কমিশনারের কার্যালয় সিলেটে যোগদান করেন। পরবর্তীতে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট পদে জেলা প্রশাসকের কার্যালয় সুনামগঞ্জ ও বিভাগীয় কমিশনারের কার্যালয় সিলেটে কাজ করেন।

২০০৯ সালে তিনি সহকারী সচিব পদে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদান করেন। ২০১০-২০১২ সাল পর্যন্ত তিনি সহকারী কমিশনার ভূমি পদে নেত্রকোনার কেন্দ্রুয়া, কোতয়ালী সার্কেল ঢাকা ও তেজগাও সার্কেল ঢাকাতে কর্মরত ছিলেন। ২০১৩ সালে উপজেলা নির্বাহী অফিসার পদে ফরিদপুর মধুখালীতে কর্মরত ছিলেন। পরবর্তীতে ২০১৪-২০১৬ সালে সিনিয়র সহকারী সচিব পদে জনপ্রশাসন মন্ত্রণালয়ে কর্মরত ছিলেন। গত ০৮ জুন ২০১৬ তারিখে সিনিয়র সহকারী সচিব পদে নৌপরিবহন মন্ত্রণালয়ে যোগদান করেন।

জনাব এস এম শফিক পটুয়াখালী জেলার সদর উপজেলায় জন্মগ্রহণ করেন। তিনি পটুয়াখালী সরকারী জুবিলী উচ্চ বিদ্যালয় হতে ১৯৯২ সালে এসএসসি ও পটুয়াখালী সরকারী কলেজ হতে ১৯৯৪ সালে এইচএসসি, ঢাকা ইন্টার ন্যাশনাল বিশ্ববিদ্যালয় থেকে বিবিএ ও এমবিএ ডিগ্রী লাভ করেন।

জনাব এস.এম শফিক বিভিন্ন সরকারী সফর ও প্রশিক্ষণে থাইল্যান্ড, মালয়শিয়া ও ভারত গমন করেছেন।